

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪১৫৮ ২৭/ পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس) পরিচ্ছেদঃ ৪৭. ছবি সম্পর্কে

بَابٌ فِي الصُّورِ

আরবী

حَدَّتَنَا أَبُو صَالِحٍ مَحْبُوبُ بْنُ مُوسَى، حَدَّتَنَا أَبُو إِسْحَاقَ الْفَزَارِيُّ، عَنْ يُونُسَ بْنِ أَبِي إِسْحَاقَ، عَنْ مُجَاهِدٍ، قَالَ: حَدَّتَنَا أَبُو هُرَيْرَةَ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَتَانِي جِبْرِيلُ عَلَيْهِ السَّلَام، فَقَالَ لِي: أَتَيْتُكَ الْبَارِحَةَ فَلَمْ يَمْنَعْنِي أَنْ أَكُونَ دَخَلْتُ وَسَلَّمَ: أَتَانِي جِبْرِيلُ عَلَيْهِ السَّلَام، فَقَالَ لِي: أَتَيْتُكَ الْبَارِحَةَ فَلَمْ يَمْنَعْنِي أَنْ أَكُونَ دَخَلْتُ إِلَّا أَنَّهُ كَانَ عَلَى الْبَابِ تَمَاثِيلُ، وَكَانَ فِي الْبَيْتِ قِرَامُ سِتْرِ فِيهِ تَمَاثِيلُ، وَكَانَ فِي الْبَيْتِ كَلْبٌ، فَمُنْ بِرَأْسِ التِّمْثَالِ الَّذِي فِي الْبَيْتِ يُقْطَعُ ، فَيَصِيرُ كَهَيْئَةِ الشَّجَرَةِ، وَمُنْ بِالسِّتْرِ فَلْكُبْ، فَكُلْ رَسُولُ كَلْبُ مَنْهُ وسَادَتَيْنِ مَنْبُوذَتَيْنِ تُوطَآنِ، وَمُنْ بِالْكَلْبِ فَلْيُحْرَجْ، فَفَعَلَ رَسُولُ فَلْيُقْطَعْ، فَلْيُحْرَجْ، فَفَعَلَ رَسُولُ وَلَكُلْبُ وَلَكُلْبِ فَلْيُحْرَجْ، فَفَعَلَ رَسُولُ اللّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَإِذَا الْكَلْبُ لِحَسَنٍ لَ قُوحَمَيْنٍ لَ وَصُلَعْ عَلَيْهِ التِّيَابُ شَبَهُ السَّرِيرِ فَأُمْرَ بِهِ فَأُخْرِجَ، قَالَ أَبُو دَاوُدَ: وَالنَّصْنَدُ: شَيْءٌ تُوضَعَعُ عَلَيْهِ التِّيَابُ شَبَهُ السَّرِيرِ فَأُمْرَ بِهِ فَأُخْرِجَ، قَالَ أَبُو دَاوُدَ: وَالنَّصْنَدُ: شَيْءٌ تُوضَعَعُ عَلَيْهِ التِّيَابُ شَبَهُ السَّرِيرِ

صحيح

বাংলা

8১৫৮। আবৃ হুরাইরাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ জিবরীল আমার নিকট এসে বলেন, গত রাতে আমি আপনার কাছে এসেছিলাম, কিন্তু আমি প্রবেশ করিনি। কারণ ঘরের দরজায় ছবি ছিলো। ঘরের মধ্যে ছিলো ছবিযুক্ত পর্দা এবং ঘরের ভিতরে ছিলো কুকুর। সুতরাং আপনি ঘরে ঝুলানো ছবির মাথা কেটে দেয়ার আদেশ করুন, তাহলে তা গাছের আকৃতিতে পরিণত হবে।

আর পর্দাটি কেটে দু'টি বালিশের ভিতরের কাপড় বানাতে আদেশ করুন এবং কুকুরটিকে বের করে দেয়ার হুকুম দিন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উপদেশ মতো কাজ করলেন। কুকুরটি ছিলো হাসান বা হুসাইনের এবং তা তাদের খাটের নীচে শুয়ে ছিলো। তিনি সেটাকেও বের করে দেয়ার আদেশ দেন এবং তা বের করে দেয়া হলো। ইমাম আবু দাউদ (রহঃ) বলেন, আন-নাযাদ হচ্ছে কাপড় রাখার বস্তু, গদি সদৃশ।[1]



সহীহ।

English

Narrated AbuHurayrah:

The Messenger of Allah (*) said: Gabriel (*) came to me and said: I came to you last night and was prevented from entering simply because there were images at the door, for there was a decorated curtain with images on it in the house, and there was a dog in the house. So order the head of the image which is in the house to be cut off so that it resembles the form of a tree; order the curtain to be cut up and made into two cushions spread out on which people may tread; and order the dog to be turned out.

The Messenger of Allah (ﷺ) then did so. The dog belonged to al-Hasan or al-Husayn and was under their couch. So he ordered it to be turned out.

Abu Dawud said: Al-Nadd means a thing on which clothes are placed like a couch.

ফুটনোট

[1]. তিরমিযী, আহমাদ। ইমাম তিরমিয়ী বলেনঃ হাদীসটি হাসান সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন